# আমাদের নৈতিক ব্যবসায়িক নীতি প্রসঙ্গ

**এটা আমাদের ব্যবসায়িক নৈতিক নীতিমালার সারমর্ম, আমাদের ন্যূনতম আবশ্যিক শর্ত এবং প্রত্যাশা এতে অন্তর্ভুক্ত, যা কিনা Kmart Australia এবং Target Australia এবং Catchএর সাথে ব্যবসা পরিচালনার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই মেনে চলতে হবে। আমাদের প্রত্যাশা আমাদের সকল সরবরাহকারী প্রতিষ্ঠান এই নীতিমালার সারমর্ম একটি সুনির্দিষ্ট জায়গায় টাঙ্গাবে যাতে করে তা সকল শ্রমিকের দৃষ্টিগোচর হয়।**

## 1. আইন মেনে চলা

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ যে দেশে উৎপাদন করবে সে দেশের সকল নিয়ম-কানুন পুরোপুরি মেনে চলবে। আমাদের ব্যবসায়িক নীতিমালা সম্পর্কিত-সকল-প্রযোজ্য আইনের প্রয়োগ এর সংযুক্তি হিসেবে পরিগণিত হবে।

## 2. শিশুশ্রম

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ অবশ্যই শিশুশ্রমিক নিয়োগ বা শিশুশ্রমকে সমর্থন করবে না। ইহা সরবরাহকারী প্রতিষ্ঠান দ্বারা সরাসরি নিযুক্ত কর্মী বা সরবরাহকারীকে কাঁচামাল, উপাদান, শ্রম বা সেবা সরবরাহকারী যে কোন তৃতীয় পক্ষের জন্যও প্রযোজ্য হবে । সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ অবশ্যই জাতীয় আইন বা আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) দ্বারা সংজ্ঞায়িত ন্যূনতম কর্মসংস্থান বয়সসীমা আইনের মাঝে যেটি সবচেয়ে বেশী কঠোর সেটি মেনে চলবে। এছাড়াও, সরবরাহকারীদের অবশ্যই শ্রমিকদের বয়স যাচাই করতে সক্ষম হতে হবে। ১৮ বছরের নীচে কাউকে দিয়ে কোনও অবস্থাতেই কোনরকম বিপদজনক কাজ করানো যাবেনা যা তাদের শারীরিক ও মানুষিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

## 3. জোরপূর্বক শ্রম

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ কোন ধরনের বাধ্যতামূলক শ্রম , দায়বদ্ধ শ্রম অথবা শর্তাবদ্ধ শ্রম এ নিযুক্ত হবে না বা সমর্থন করবে না। ইহা সরবরাহকারী প্রতিষ্ঠান দ্বারা সরাসরি নিযুক্ত কর্মী বা সরবরাহকারীকে কাঁচামাল, উপাদান, শ্রম বা সেবা সরবরাহকারী যে কোন তৃতীয় পক্ষের জন্যও প্রযোজ্য হবে । সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই শ্রমিকদের অবাধ চলাচলের স্বাধীনতার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে, এবং পরিচয়পত্র আটক, টাকা জামানত বা অন্য কোনভাবে কর্মীদের চলাফেরার স্বাধীনতা ক্ষুণ্ণ করা যাবেনা তথা তাদের চাকুরী থেকে অব্যাহতি নেয়ার ক্ষেত্রে বাধা প্রদান করা যাবেনা।

.

## 4. মজুরী, ভাতা সুবিধাদি ও কাজের সময়

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই স্থানীয় মজুরী, অতিরিক্ত কর্মঘন্টার মজুরী ও আইনত বাধ্যতামূলক ভাতা সুবিধাদি সম্পর্কিত সকল আইন মেনে চলতে হবে। যে কোনো ক্ষেত্রে, মজুরি সবসময় একজন কর্মীর মৌলিক চাহিদা মিটিয়ে কিছু অতিরিক্ত উপার্জনের জন্য পর্যাপ্ত হওয়া উচিত। স্বাভাবিক কর্ম পরিস্থিতিতে, শ্রমিকদের অতিরিক্ত কর্মঘন্টাসহ সপ্তাহে কোনোভাবেই মাত্রাধিক কর্মঘন্টা করানো যাবে না এবং যথোপযুক্ত সাপ্তাহিক ছুটির ব্যবস্থা থাকতে হবে।

## 5. বৈষম্য

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই বৈষম্য মুক্ত কর্ম পরিবেশ নিশ্চিত করতে হবে। যেকোনো নিয়োগ এর শর্ত হবে শ্রমিকের কর্ম যোগ্যতা, কোনভাবেই তা শ্রমিকের ব্যক্তিগত বৈশিষ্ট্য যেমন বয়স, জাতি, নৃতাত্ত্বিক উৎস, বর্ণ, জাতীয়তা, লিঙ্গ, ধর্ম, বৈবাহিক বা গর্ভাবস্থা, যৌন প্রবৃত্তি, অক্ষমতা, সংগঠনের সদস্যপদ বা রাজনৈতিক মতাদর্শের ভিত্তিতে হবে না।

## 6. হয়রানি ও অন্যায়াচরণ

শ্রমিকদের সঙ্গে অবশ্যই যথাযথ মর্যাদা ও শ্রদ্ধার সাথে আচরণ করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠানগুলো অবশ্যই এমন একটি সুন্দর কর্ম পরিবেশ নিশ্চিত করবে, যেখানে কোন হয়রানি বা শারীরিক, যৌন, মৌখিক বা দৃষ্টিমূলক আচরণ থাকবে না যা একটি আক্রমনাত্মক, প্রতিকূল এবং ভীতিকর কর্ম পরিবেশ সৃষ্টি করতে ভূমিকা পালন করে ।

## 7. সাংগঠনিক স্বাধীনতা ও যৌথ দর কষাকষির অধিকার

স্থানীয় আইনের অনুমোদনের আওতায়, সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই শ্রমিকদের সাংগঠনিক স্বাধীনতা ও যৌথ দর কষাকষির অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। এর মধ্যে কোনরূপ হয়রানি, হস্তক্ষেপ বা প্রতিশোধ ব্যতিত শ্রমিকদের শ্রমিক সংঘ বা অন্য কোন শ্রমিক সংগঠন গঠন এবং যোগদানের অধিকার অন্তর্ভুক্ত।

## 8. স্বাস্থ্য ও নিরাপত্তা

প্রতিরোধযোগ্য উৎপাদন-সম্পর্কিত দুর্ঘটনা এবং ক্ষয়ক্ষতি এড়ানোর জন্য, সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই সমস্ত কার্যপ্রণালী নিরাপত্তা ও পরিচ্ছন্নতার সাথে পরিচালনা করতে হবে; এ সকল কার্যপ্রণালী যেন সব প্রযোজ্য নিয়মনীতি অথবা সর্বোত্তম কর্ম অভ্যাসসমূহের মধ্যে যেটি সর্বাধিক কার্যকরী সেটির সাথে সামঞ্জস্যপূর্ণ হয় তা নিশ্চিত করতে হবে।

## 9. অভিবাসী শ্রমিক

স্থানীয় আইনের নির্দেশনা অনুযায়ী এবং আমাদের নৈতিক ব্যবসায়িক নীতির অধীনে সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই অভিবাসী ও স্থানীয় শ্রমিকদের অভিন্ন অধিকার নিশ্চিত করতে হবে।.

## 10. নিয়োগ এবং নিয়মিত চাকরি

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই প্রত্যেক শ্রমিককে কর্মনিযুক্তির নিয়মাবলী, অধিকারসমূহ ও শর্তাদি সম্বলিত সুস্পষ্ট ও সহজবোধ্য চুক্তিপত্র প্রদান করতে হবে। এছাড়াও, নিয়মিত চাকরি বিধি অনুযায়ী শ্রম বা সামাজিক নিরাপত্তা আইন এবং প্রবিধানের আওতায় শ্রমিকদের প্রতি দায়বদ্ধতা শ্রম-মাত্র চুক্তি ব্যবস্থা, ধারাবাহিক স্বল্পমেয়াদী চুক্তি, মাত্রাধিক খন্ড কাজ বা জাল শিক্ষানবিশি ব্যবহার করে এড়িয়ে যাওয়া যাবে না।.

## 11. পরিবেশ

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই সকল প্রাসঙ্গিক স্থানীয় ও জাতীয় পরিবেশ সংরক্ষণ আইন পালন করতে হবে এবং আন্তর্জাতিক পরিবেশ সুরক্ষা মানদণ্ড মেনে চলতে হবে।

## 12. ভোক্তা স্বার্থ সংরক্ষণ

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের উৎপাদিত পণ্য নিরাপদ এবং তা ভোক্তার জন্য কোনভাবে ক্ষতিকর নয়।

## 13. পশু কল্যাণ

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই জীবজন্তুদের প্রতি মানবিক ও সহানুভূতিশীল হতে হবে।

.

## 14. ব্যবসায়িক সততা এবং দুর্নীতি দমন

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই ন্যায়নীতি ও সততার সাথে কাজ করতে হবে। ঘুষ, অনুগ্রহ, সুবিধা বা অন্যান্য অনুরূপ বেআইনী বা অবৈধ অর্থ নগদ বা সদৃশ প্রদান করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। সকলক্ষেত্রে নির্ভুল ও স্বচ্ছ তথ্য সংরক্ষণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

## 15. সাবকন্ট্রাক্টিং

পূর্ব অনুমোদন ব্যতীত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ কোন সাবকন্ট্রাক্টর নিয়োগ করতে পারবে না। যদি অনুমোদন করা হয়, সরবরাহকারীদের অবশ্যই নিশ্চিত করতে হবে যেন সাবকন্ট্রাক্টরগণও আমাদের নৈতিক ব্যবসায়িক নীতি মেনে চলে।

## 16. ব্যবস্থাপনা পদ্ধতি

সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই এমন একটি ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠা করতে হবে যা ক) প্রযোজ্য আইন এবং প্রবিধানের অনুসরণ, খ) আমাদের নৈতিক ব্যবসায়িক নীতির পালন, গ) আমাদের নৈতিক ব্যবসায়িক নীতির অনুসরণের সাথে জড়িত ঝুঁকি সনাক্তকরণ ও নিরসন, এবং ঘ) ক্রমাগত উন্নয়ন নিশ্চিত করে।

### নীতিমালা লঙ্ঘন সম্পর্কিত নথিভুক্তি

যে কোনো প্রকৃত বা সন্দেহজনক নৈতিক ব্যবসায়িক নীতির লঙ্ঘন Kmart Group SpeakUp চ্যানেলে জানানো যাবে । এই সেবা ২৪ ঘন্টা, সপ্তাহে সাত দিন, একাধিক রিপোর্টিং বিকল্পসহ ব্যবহারযোগ্য। ফোনে জানান (টোল ফ্রি নম্বর)

অস্ট্রেলিয়া – 1800 518 230
চীন - 400 120 3569
ভারত – 000 800 919 1304
হংকং - 800 931 606
ইন্দোনেশিয়া - 0800 1503240

অন্যান্য দেশ থেকে অনলাইনে অথবা সকল দেশে ব্যবহারযোগ্য মোবাইলের রিপোর্টিং বিকল্পগুলো ব্যবহার করে অভিযোগ জানানো যাবে।
অনলাইন: https://kmart.com.au/speakup
মোবাইলের মাধ্যমে (QR স্ক্যান)

Scan
Mobile access

অনুগ্রহ করে মনে রাখবেন, আইনে প্রকাশের আবশ্যকতা ব্যতীত Kmart Group অভিযোগ এবং অভিযোগকারীর পরিচয় (যদি প্রদান করা হয়) গোপন রাখবে। কিছু পরিস্থিতিতে, অভিযোগের সম্পূর্ণ এবং সুষ্ঠু তদন্তের স্বার্থে কলকারীর পরিচয় এবং প্রকাশিত তথ্য প্রকাশ করার প্রয়োজন হতে পারে । এক্ষেত্রে, প্রকাশের আগে অভিযোগকারীর সম্মতি নেওয়া হবে

(December 2021)

